# THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)
## 99th Banking Professional Examination, 2024
## AIBB
## Trade Finance and Foreign Exchange (TFFE)

**Subject Code : 2 0 3**

Time—3 hours
Full marks—100
**Pass marks—45**

*[N.B. The figures in the right margin indicate full marks. Answer any* **five** *questions.]*

Marks

1. Write short notes on any **five** of the following : 4×5=20
   *(a)* Asian Clearing Union
   *(b)* Documentary Collection
   *(c)* Receivable Finance
   *(d)* Duty Drawback
   *(e)* Negotiation under reserve
   *(f)* Packing credit
   *(g)* Red clause Letter of Credit.
2. Distinguish between any **four** of the following : 5×4=20
   *(a)* Floating Exchange Rate and Crawling Peg Mid Rate (CPMR)
   *(b)* Direct Quotation and Indirect Quotation of Exchange Rate
   *(c)* Current Account and Capital Account of BOP
   *(d)* Revolving LC and Transferable LC
   *(e)* Cash in Advance and Open Account
   *(f)* Commercial Invoice and Proforma Invoice.
3. *(a)* In Bangladesh, import of raw materials are predominantly facilitated through LC, while exports are largely accomplished under contract. Discuss the implication of this dual approach on risk, management in international trade. 5
   *(b)* What do you understand by bank's Nostro account balance? How does it differ from foreign exchange reserve? 5
   *(c)* Payment delays and defaults can significantly impact trade relationships. As a banker, propose a risk management strategy to minimize the potential losses arising from non-payment or delay payment situation. Mention both preventive measures and post-default recovery procedures. 10
4. *(a)* What are risks associated to export goods under the term of Document against Acceptance (DA)? Suggest how can these risks be mitigated. 2+5=7
   *(b)* Compare between LC and documentary collection in the purview of their advantages, disadvantages and suitability on different types of trade transactions. 8
   *(c)* What precautionary measures should be considered before opening a letter of credit on behalf of an importer? 5

*[Please turn over*

Marks

5. *(a)* What is documentary credit as per UCPDC-600? Describe the standard operational procedure of import using documentary credit in Bangladesh. 2+6=8

*(b)* Discuss the funded credit facilities offered by commercial banks to the importer. 8

*(c)* What are the common discrepancies found in documents presented under documentary credit? 4

6. *(a)* Suppose, ABC textile, a Bangladeshi exporter, is exporting garment product to a foreign buyer in Australia. The agreed Inco-Term is FOB and payment method is LC. What are the main documents required for transactions? Discuss the purpose and key components of the required documents in the context of this transactions. 7+3 =10

*(b)* Describe the importance of a bill of lading in international trade. How does it serve as document of title and contract of carriage? 6

*(c)* As per Bangladesh Bank's directives, explain the role of authorized dealer branches in handling and delivering of shipping documents for export from Bangladesh. 4

7. *(a)* What is net open position of foreign exchange? 4

*(b)* What are the key components of exchange position? 6

*(c)* Identify the risks associated with maintaining an overbought or over sold position at the end of a working day. 10

8. *(a)* What are the funded and non-funded trade facilities available for exporters in the banking sector in Bangladesh? Explain. 8

*(b)* What is bill discounting? As a Head of foreign trade division, what practices do you follow to discount an export bill? 6

*(c)* Identify the risks and remedies to minimize these risks associated with export financing. 6

9. As an official of international trade division of your bank, how would you deal with the following situations under UCPDC-600? 5×4=20

*(a)* Your customer has presented export documents for negotiation under irrevocable letter of credit, but you have found that the commercial invoice is not issued by the beneficiary.

*(b)* Your foreign corresponding bank, has negotiated export documents and debited your Nostro account. But the importer asked you to hold up the payment on the ground that the goods already reached Bangladeshi port are inferior in quality to quality as per sales contract.

*(c)* Your exporter has submitted shipping documents for negotiations after the last date of presentation of documents as per terms and conditions stipulated in LC.

*(d)* Your foreign corresponding bank has asked you to advise a credit to your exporter who wants you to add your confirmation to the credit although the opening bank has not asked you to do so.

10. Suppose, you want to purchase EURO 65,000 to make payment on behalf of your importer. Please calculate the buying and selling exchange rate using the following Forex market data and also calculate the amount of BDT you have to pay for purchasing EURO 65,000? 20

Inter bank Foreign exchange rate :

EURO 1=USD 1·0978—1·1158

USD 1 =BDT 117·5854—118·6476

(Please show your calculation).

[বাংলা অনুবাদ]

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। যে কোনো **পাঁচটি** বিষয়ের উপর টীকা লিখুন : ৪×৫=২০

(ক) এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়ন

(খ) ডকুমেন্টরি কালেকশন

(গ) রিসিভেবল ফাইন্যান্স

(ঘ) ডিউটি ড্র-ব্যাক

(ঙ) নেগোশিয়েশন আন্ডার রিজার্ভ

(চ) প্যাকিং ক্রেডিট

(ছ) রেড ক্লোড লেটার অব ক্রেডিট।

২। নিম্নলিখিত বিষয়ের উপর যে কোনো **চারটির** পার্থক্য বর্ণনা করুন : ৫×৪=২০

(ক) ফ্লোটিং এক্সচেঞ্জ রেট এবং ক্রাউলিং পেগ মধ্য হার (সিপিএমআর)

(খ) বৈদেশিক মুদ্রার প্রত্যক্ষ ও পরোক্ষ হার

(গ) BOP'র চলতি হিসাব এবং মূলধনী হিসাব

(ঘ) রিভলভিং এলসি এবং স্থানান্তরযোগ্য এলসি

(ঙ) ক্যাশ ইন অ্যাডভান্স এবং ওপেন একাউন্ট

(চ) কমার্শিয়াল ইনভয়েস এবং প্রোফরমা ইনভয়েস।

৩। (ক) বাংলাদেশে প্রধানত এলসি'র মাধ্যমে কাঁচামাল আমদানি করা হয়, অন্যদিকে রপ্তানি মূলতঃ চুক্তির মাধ্যমে সম্পন্ন হয়। আন্তর্জাতিক বাণিজ্যের ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে এই দ্বৈত পদ্ধতির প্রভাব আলোচনা করুন। ৫

(খ) ব্যাংকের নস্ট্রো একাউন্ট ব্যালেন্স কী? বৈদেশিক মুদ্রার রিজার্ভের সাথে এর পার্থক্য কী? ৫

(গ) বাণিজ্যের বিষয়ে বিলম্বে অর্থ প্রদান এবং খেলাপির উল্লেখযোগ্য প্রভাব রয়েছে। একজন ব্যাংকার হিসেবে "অর্থ প্রদান না করা" অথবা "বিলম্বে অর্থ প্রদান"—এ দুটি বিষয় হতে উদ্ভূত সম্ভাব্য ক্ষতি কমানোর জন্য একটি ঝুঁকি ব্যবস্থাপনার কৌশল প্রস্তাব করুন। সেই প্রতিরোধমূলক এবং খেলাপি-উত্তর প্রতিকারমূলক পদ্ধতি উল্লেখ করুন। ১০

৪। (ক) Document against Acceptance (DA) এর অধীনে পণ্য রপ্তানির ক্ষেত্রে কী কী ঝুঁকি রয়েছে? ঝুঁকিসমূহ প্রশমিত করার বিষয়ে আপনার পরামর্শ দিন। ২+৫=৭

(খ) বিভিন্ন ধরনের বাণিজ্যের লেনদেনের ক্ষেত্রে তাদের সুবিধা, অসুবিধা এবং উপযুক্ততার পরিপ্রেক্ষিতে এলসি এবং ডকুমেন্টরি কালেকশনের মধ্যে পার্থক্য নির্ণয় করুন। ৮

(গ) একজন আমদানিকারকের পক্ষে এলসি খোলার সময় কী কী শতর্কতামূলক ব্যবস্থা বিবেচনা করা উচিত? ৫

৫। (ক) ডকুমেন্টরি ক্রেডিট কী? বাংলাদেশে আমদানি করার ক্ষেত্রে ডকুমেন্টরি ক্রেডিট এর স্ট্যান্ডার্ড অপারেশনাল পদ্ধতি বর্ণনা করুন। ২+৬=৮

(খ) বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক আমদানিকারককে প্রদত্ত ফান্ডেড ঋণ সুবিধা আলোচনা করুন। ৮

(গ) ডকুমেন্টরি ক্রেডিটের অধীন উপস্থাপিত নথিগুলোতে সাধারণতঃ কী কী অসঙ্গতি পরিলক্ষিত হয়? ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

৬। (ক) ধরুন, বাংলাদেশের একজন রপ্তানিকারক, এবিসি টেক্সটাইল, অস্ট্রেলিয়ার ক্রেতার নিকট পোশাক রপ্তানি করছে। এলসি'র শর্তানুযায়ী FOB এবং এলসি'র মাধ্যমে লেনদেন করতে হবে। এই লেনদেনের ক্ষেত্রে প্রধান প্রধান প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ কী কী? ৭+৩=১০

(খ) বাণিজ্যের ক্ষেত্রে বিল অব লেডিং-এর গুরুত্ব বর্ণনা করুন। কীভাবে এটি শিরোনাম নথি এবং পরিবহনের চুক্তি হিসেবে কাজ করে? ৬

(গ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, বাংলাদেশ হতে রপ্তানির জন্য শিপিং ডকুমেন্ট পরিচালনা এবং সরবরাহের ক্ষেত্রে 'অনুমোদিত ডিলার' ব্যাংক শাখাসমূহের ভূমিকা ব্যাখ্যা করুন। ৪

৭। (ক) বৈদেশিক মুদ্রার নিট ওপেন পজিশন কী? ৪

(খ) এক্সচেঞ্জ পজিশনের মূল উপাদানগুলো কী কী? ৬

(গ) এক কার্যদিবস শেষে Overbought অথবা Oversold-এর সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ চিহ্নিত করুন। ১০

৮। (ক) বাংলাদেশের ব্যাংকিং খাতে ফান্ডেড এবং নন-ফান্ডেড অর্থায়ন সুবিধা কী কী? ব্যাখ্যা করুন। ৮

(খ) বিল ডিসকাউন্টিং কী? বৈদেশিক বাণিজ্য বিভাগের প্রধান হিসেবে রপ্তানি বিল ডিসকাউন্টের জন্য আপনি কোন কোন বিষয় অনুসরণ করবেন? ৬

(গ) রপ্তানি অর্থায়নের সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ চিহ্নিত করুন এবং এই ঝুঁকিসমূহ হ্রাসের জন্য প্রতিকারসমূহ কী কী? ৬

৯। আপনার ব্যাংকের বৈদেশিক বাণিজ্য বিভাগের কর্মকর্তা হিসেবে, UCPDC-600 এর অধীনে নিম্নলিখিত পরিস্থিতিসমূহ কীভাবে মোকাবিলা করবেন? ৫×৪=২০

(ক) আপনার একজন গ্রাহক Irrevocable letter of credit এর আওতায় নেগোশিয়েশনের জন্য রপ্তানি ডকুমেন্ট উপস্থাপন করেছেন, কিন্তু দেখা গেল যে, কমার্শিয়াল ইনভয়েসটি বেনিফিসিয়ারি কর্তৃক ইস্যু করা হয়নি।

(খ) আপনার বিদেশি করেসপন্ডেন্ট ব্যাংক রপ্তানি ডকুমেন্ট নেগোশিয়েট করার পর আপনার নস্ট্রো একাউন্ট ডেবিট করেছেন। কিন্তু আপনার আমদানিকারক আপনাকে অর্থ প্রদান না করার জন্য অনুরোধ করেছেন। কারণ বিক্রয় চুক্তির শর্ত পরিপালন না করে রপ্তানিকারণ নিম্নমানের পণ্য প্রেরণ করেছেন।

(গ) আপনার একজন রপ্তানিকারক এলসি-তে নির্ধারিত শর্তাবলি অনুযায়ী নথি উপস্থাপনের শেষ তারিখের পরে নেগোশিয়েশনের জন্য শিপিং নথি জমা দিয়েছেন।

(ঘ) আপনার বিদেশি করেসপন্ডেন্ট ব্যাংক আপনার একজন রপ্তানিকারককে এলসি এ্যাডভাইস করার অনুরোধ জানিয়েছে। আপনার রপ্তানিকারক উক্ত এলসি-তে আপনার ব্যাংকের Confirmation দিতে বলেছেন, যদিও এলসি ওপেনিং ব্যাংক আপনাকে Confirmation দিতে বলেনি।

১০। ধরুন, আপনি আপনার একজন আমদানিকারকের পক্ষ হতে অর্থ-পরিশোধের জন্য ৬৫,০০০ ইউরো ক্রয় করতে চান। অনুগ্রহ করে নিম্নোক্ত আন্ত-ব্যাংক ফরেন একচেঞ্জ মার্কেটের তথ্য-উপাত্তের ভিত্তিতে বৈদেশিক মুদ্রার ক্রয়-বিক্রয় বিনিময় হার নির্ণয় করুন এবং ৬৫,০০০ ইউরো ক্রয় করার জন্য আপনাকে কত টাকা দিতে হবে? ২০

আন্ত-ব্যাংক বৈদেশিক মুদ্রার বিনিময় হার :
ইউরো ১= মাঃডঃ ১·০৯৭৮—১·১১৫৮
মাঃডঃ ১= বাংলাদেশি টাকা ১১৭·৫৮৫৪—১১৮·৬৪৭৬
[অনুগ্রহ করে আপনার খসড়া দেখাবেন]